

একদিন

২৩ নভেম্বর ২০১৩



হাঁটু প্রতিস্থাপনের কয়েক ঘণ্টার মধ্যেই রোগী হাঁটতে শুরু করবে। যেদিন হাঁটুর রিপ্লেসমেন্ট করা হবে তার পরদিনই রোগী বাড়ি চলে যেতে পারবে। কলকাতার বেলভিউ হাসপাতালে অর্থোপাইলট মেশিনের সাহায্যে তা সম্ভব। সম্প্রতি হাসপাতালে এক সাংবাদিক সম্মেলনে চিকিৎসকরা জানান, 'মিনিম্যালি ইনভেসিভ কম্পিউটার অ্যাসিস্টেড টোটাল নি অর্থোপ্লাস্টি' এই পদ্ধতির উদ্বোধন হয় কলকাতার এই

হাসপাতালে। চিকিৎসকরা দাবি করেন পূর্বভারতে এরকম অস্ত্রোপচারের নজির প্রথম। কম্পিউটার অ্যাসিস্টেড জয়েন্ট রিপ্লেসমেন্ট সেন্টারের প্রধান চিকিৎসক সন্তোষ কুমার বলেন, খুব কম কাটাছেড়া করে কম্পিউটারের মাধ্যমে অস্ত্রোপচার করা সম্ভব। কৃত্রিম হাঁটুটি বসানোর সময় অর্থোপাইলট নামে এই কম্পিউটারের সাহায্যে খুব অল্প কাটাছেড়াতেই অস্ত্রোপচার সম্ভব। চিকিৎসক সন্তোষ কুমার ওইদিন এই অস্ত্রোপচারের লাইভ সার্জারি করেন। সাংবাদিক সম্মেলনে হাসপাতালের সিইও প্রদীপ ট্যান্ডন সহ আরও বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন।